মেহেরপুর দারুল উলুম আহমদিয়া কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত উপাধ্যক্ষকে বিদায় সংবর্ধনা

মেহেরপুর দারুল উলুম আহমদিয়া কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ মোঃ খায়রল আনাম দীর্ঘ প্রায় চার দশক সুনামের সঙ্গে দায়িত্ব পালন শেষে গত ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দে অবসরে গেছেন। গত ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দে মাদ্রাসার হাফিজিয়া শাখা ও পৌর ইমাম সমিতির উদ্যোগে তাকে বিদায় সংবর্ধনা জানানো হয়।

বিদায়ী বক্তব্যে তিনি সকলের কাছে দোয়া কামনা করেন এবং প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের উত্তরোত্তর সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, ইমাম সমিতির নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার এসিল্যান্ড এইচ তাসফিকুর রহমানকে ওরা বন্ধু সংঘের বিদায় সংবর্ধনা

দামুড়হুদায় দুর্নীতিমুক্ত ভূমি অফিস গড়ে তোলায় সহকারী কমিশনার (ভূমি) (এসিল্যান্ড) এইচ তাসফিকুর রহমানকে “ওরা বন্ধু সংঘ” দামুড়হুদার পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯টায় সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে তাকে এ বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

“প্রজাতন্ত্রের মালিক জনগণ, একজন সরকারি কর্মচারী তার সেবক মাত্র” সংবিধানের এই কথাটি হৃদয়ে ধারণ করে ভূমি সেবা গ্রহীতাদের মাঝে হয়রানিমুক্ত ভূমি সেবা প্রদান করে অনন্য দৃষ্টান্ত গড়েছেন

সেবাগ্রহীতারা কোনো রকম হয়রানি ও দুর্নীতি ছাড়া শতভাগ সেবা পেয়েছেন। একজন কর্মকর্তা কতটা আন্তরিকভাবে সরকারের সেবা নিশ্চিত করতে পারেন, তা এই কর্মকর্তাকে না দেখলে বুঝতাম না। তার সততা, নিষ্ঠা ও কর্মদক্ষতার মাধ্যমে তিনি সাধারণ মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছেন, যা একটি কর্মকর্তার জন্য চরম প্রাপ্তি বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি। তার চলে যাওয়া হয়রানিমুক্ত ও দুর্নীতিমুক্ত ভূমি সেবা প্রত্যাশীদের জন্য অপূরণীয় ক্ষতি। তবে তার কর্মগুণের কারণে দামুড়হুদা উপজেলার সকল শ্রেণি-পেশার মানুষ তাকে সম্মানের সাথে মনে রাখবেন।

বিদায়ী এসিল্যান্ড উপজেলা বাসীর মঙ্গল কামনা করে সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, উপজেলার সকল ভূমি সেবাগ্রহীতার প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা করেছি। কর্মক্ষেত্রে কাজের কোনো গাফিলতি করিনি। ভূমি সেবায় মানুষের ভোগান্তি কমানোর চেষ্টা করেছি এবং কার্যালয়কে শতভাগ দুর্নীতিমুক্ত রেখেছি। ফলে মানুষের সঙ্গে সুসম্পর্ক তৈরি হয়েছে। কাজের ক্ষেত্রে সাংবাদিক সমাজ, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা পেয়েছি। এমন ভালোবাসার প্রতিদান আমি কখনো দিতে পারবো না। এখানকার সকলের ভালোবাসা আমাকে আজীবন ঋণী করে রাখবে। তবুও একজন মানুষ হিসেবে এসিল্যান্ড ও পৌর প্রশাসক হিসেবে দায়িত্ব পালনের সময় যদি কারো মনে কষ্ট দিয়ে থাকি, আমাকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। সর্বোপরি স্বেচ্ছাসেবী সংগঠন “ওরা বন্ধু সংঘ” এর সফলতা ও উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে তিন থানার ওসিদের বদলি উপলক্ষে বিদায় সংবর্ধনা

মেহেরপুর, গাংনী ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জদের চুয়াডাঙ্গায় বদলি হওয়ায় আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল শনিবার সকালে পুলিশ সুপার কার্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় বিদায়ী কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং জেলা পুলিশের পক্ষ থেকে ক্রেস্ট ও স্মৃতিস্মারক তুলে দেন। তিনি বলেন, জেলার আইনশৃঙ্খলা রক্ষায় তাদের অবদান স্মরণীয় হয়ে থাকবে।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খান,

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদী হাসান দিপুসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে ইউএনও তিথি মিত্রকে বিদায় সংবর্ধনা

দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের বদলীজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

জানা গেছে, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র আইসিটি

মন্ত্রণালয়ে উপপরিচালক হিসেবে যোগদান করবেন।

বিদায় সংবর্ধনায় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু, প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংবাদিক সমিতির সহ-সভাপতি মোজাম্মেল শিশির, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য হাবিবুর রহমান হবি, তাসীর আহমেদ, শেখ হাতেম, জহুরুল ইসলামসহ প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ।

বিদায় সংবর্ধনায় বক্তারা ইউএনও তিথি মিত্রের প্রতি কৃতজ্ঞতা ও শুভকামনা জানিয়ে বলেন, তিনি ছিলেন সৎ, দক্ষ, যোগ্য ও সাংবাদিকবান্ধব একজন নির্বাহী কর্মকর্তা। দাপ্তরিক কাজে আন্তরিকতা, স্বচ্ছতা ও মানুষের কল্যাণে তার নিবেদন তাকে সবার কাছে শ্রদ্ধার স্থানে পৌঁছে দিয়েছে। স্বল্প সময়ে তিনি উপজেলার উন্নয়ন ও সেবামূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

বক্তারা আরও আশা প্রকাশ করেন, নতুন কর্মস্থল ঢাকার আইসিটি অধিদপ্তরের উপপরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে তিথি মিত্র সুযোগ হলে দামুড়হুদা উপজেলার উন্নয়ন ও কল্যাণে সহযোগিতা করে যাবেন।

শেষে তার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সফল কর্মজীবন কামনা করে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান শেষ হয়।

দামুড়হুদায় অধ্যক্ষ মো. কামাল উদ্দীনের বিদায় সংবর্ধনা ও স্মৃতিচারণ

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ মো. কামাল উদ্দীনের বিদায় সংবর্ধনা ও স্মৃতিচারণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বেলা ১১টায় কলেজের পক্ষ থেকে এ অনুষ্ঠানের আয়োজন

করা হয়। বিদায়ী সংবর্ধনা ও স্মৃতিচারণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোছা. রেহেনা কুল। প্রধান অতিথি ছিলেন কলেজ গভর্নিং বডির সভাপতি মো. রফিকুল হাসান তনু।

প্রধান অতিথি মো. রফিকুল হাসান তনু বলেন, ১৯৯৪ সালে কলেজটি প্রতিষ্ঠা করতে আমরা কয়েকজন যুবক বাড়ি বাড়ি গিয়ে বাঁশ সংগ্রহ করেছি। আজ কলেজটির অগ্রগতি দেখে মনে হয় আমাদের সেই পরিশ্রম সার্থক হয়েছে। কলেজকে প্রতিষ্ঠায় বিশেষ অবদান রেখেছেন আমাদের বিদায়ী অধ্যক্ষ মো. কামাল উদ্দীন। তিনি নিজে বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার্থী সংগ্রহ করেছিলেন। আমরা তার অবসর জীবনে সুখ, সমৃদ্ধি ও সফলতা কামনা করি।

প্রভাষক মিল্টন কুমার সাহার সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের সাবেক উপাধ্যক্ষ জিন্নাত আলী, কার্পাসডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ মো. হামিদুর ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মো. জাহিদুল হাসান, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম, দামুড়হুদা গার্লস স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষক ফাহমিদা রহমান, কলেজের প্রতিষ্ঠাতা সদস্য এসএম. ওয়াজেদুল হাসান এবং গভর্নিং বডির সদস্য আশাবুল হক, জাহাঙ্গীর আলম, হাবিবুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই বিদায়ী অতিথি ও তার পরিবারকে ফুল দিয়ে অভ্যর্থনা জানানো হয়। এরপর আনুষ্ঠানিকভাবে প্রধান অতিথি ও অন্যান্য অতিথিরা বিদায়ী অতিথিকে সম্মাননা স্মারক ক্রেস্ট এবং পুরস্কার প্রদান করেন।

আলমডাঙ্গা বাদেমাজু বাদল স্মৃতি একাডেমির ১৬ জন

শিক্ষককের বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা বাদেমাজু বাদল স্মৃতি একাডেমির অবসরপ্রাপ্ত ১৬ জন শিক্ষকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা বাদেমাজু বাদল স্মৃতি একাডেমির ১৯৯৭ সালের এসএসসি ব্যাচের আয়োজনে অবসরপ্রাপ্ত ১৬ জন শিক্ষককে বিদায় সম্মাননা দেয়া হয়েছে। গতকাল বেলা এগারোটার দিকে বাদল স্মৃতি একাডেমির মিলনায়তনে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শেখ নূর মোহাম্মদ টিপু।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা রূপালী ব্যাংকের ম্যানেজার মোঃ আব্দুল খালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক শফিউল আলম বকুল, বাদেমাজু বাদল স্মৃতি একাডেমি প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, এম এস জোহা ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক ডঃ আব্দুর রহমান, ডাউকি ইউনিয়ন জামায়াতের আমির সজিবুর রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন, সহকারী শিক্ষক রোকনুজ্জামান।

অনুষ্ঠান শেষে বিদ্যালয় এসএসসি ৯৭ ব্যাচের পক্ষ থেকে বিদায়ী ১৬ শিক্ষকদের হাতে সংবর্ধনা ক্রেস্ট এবং বিভিন্ন উপহার সামগ্রী তুলে দেয়া হয়।